



থাইল্যান্ডে চিকিৎসাধীন জুলাই যোদ্ধাদের খোঁজ নিলেন বিরোধীদলীয় নেতা



সংগৃহীত ছবি

চিকিৎসার জন্য থাইল্যান্ডের ব্যাংককে অবস্থানরত আহত জুলাই যোদ্ধাদের খোঁজখবর নিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

শনিবার (৯ মে) ব্যাংককের ভেজথানি ইন্টারন্যাশনাল হাসপাতালে গিয়ে আহতদের সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। এ সময় তাদের শারীরিক অবস্থার খোঁজ নেন এবং চলমান চিকিৎসা কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানতে চান।

সফরকালে গুরুতর আহত জুলাই যোদ্ধাদের চিকিৎসা যেন সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিশ্চিত করা হয়, সে বিষয়ে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান ডা. শফিকুর রহমান। পাশাপাশি আহতদের সাহস, ত্যাগ ও অবদানের প্রশংসা করে তাদের দ্রুত সুস্থতা কামনা করেন তিনি।

এ সময় তার সঙ্গে ছিলেন জামায়াত আমিরের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেম।